
The Bell Foundation

# ইংলিশ শিক্ষা ব্যবস্থা সম্পর্কে: প্রাইমারি (প্রাথমিক) স্কুল

## ইংলিশকে অতিরিক্ত ভাষা হিসাবে (EAL) ব্যবহারকারী শিশুদের পিতামাতার জন্য নির্দেশিকা




### এই নির্দেশিকাতে কী অন্তর্ভুক্ত আছে?

এখানে আপনি ইংলিশ শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বুঝতে ও আপনার সন্তানের জন্য স্কুলে একটি জায়গা খুঁজে পেতে সহায়তার জন্য ব্যবহারোপযোগী তথ্য পেতে পারেন।

ইংল্যান্ডে বিভিন্ন প্রকারের স্কুল রয়েছে, যার মধ্যে কিছু কিছু স্কুলের ক্ষেত্রে পিতামাতাকে অর্থ প্রদান করতে হয় (অর্থাৎ ফি-প্রদানযোগ্য/স্বতন্ত্র/বেসরকারি স্কুল)।

এই নির্দেশিকাটি আপনাকে সেসব ইংলিশ স্কুলের বিষয়ে জানাবে যেখানে আপনাকে অর্থ প্রদান করতে হবে না (অর্থাৎ, রাষ্ট্রীয় স্কুল)। রাষ্ট্র পরিচালিত বিভিন্ন ধরণের স্কুলের মধ্যে রয়েছে:

- লোকাল অথরিটি (এলএ) স্কুল—স্থানীয় সরকারের অর্থায়নে পরিচালিত
- একাডেমি ও ফ্রি স্কুল—কেন্দ্রীয় সরকারের অর্থায়নে পরিচালিত, প্রায়শই কোন ট্রাস্টের অংশ হয়ে থাকে
- ফেইথ স্কুল—কোন নির্দিষ্ট ধর্মের সাথে সম্পর্কিত

ঘরে রেখেও আপনার সন্তানের শিক্ষার ব্যবস্থা করাকে বেছে নিতে পারেন, খণ্ডকালীন বা পূর্ণকালীন। এটাকে বলা হয় গৃহে শিক্ষাদান (বা ঐচ্ছিক গৃহশিক্ষা বা হোম স্কুলিং)। এখানে আরও জেনে নিন: **https://www.gov.uk/home-education**




## 1. আমার সন্তানের জন্য কীভাবে স্কুলে স্থান খুঁজে নিতে পারি?

সন্তানের জন্য কোনও স্কুলে স্থান খুঁজতে আপনার স্থানীয় কাউন্সিলে ( স্থানীয় কর্তৃপক্ষ বা এলএ বলা হয়) যোগাযোগ করুন কারণ:

- আপনার সন্তানের বয়স 5 থেকে 16 বছর হলে স্থানীয় কাউন্সিলকে অবশ্যই তার জন্য স্থানীয় একটি স্কুলে স্থান খুঁজে পেতে হবে
- স্কুলে ভর্তি সম্পর্কে আরও তথ্য আপনি এখানে পেতে পারেন: https://www.gov.uk/schools-admissions

### আপনার পছন্দের স্কুলটি বেছে নিতে সহায়তার জন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- ওপেন ইভিনিং চলাকালে স্কুলটি দেখে আসুন
- তাদের স্কুলের ওয়েবসাইট দেখুন
- তাদের সাম্প্রতিক অফস্টেড (Ofsted) পরিদর্শন প্রতিবেদনটি পড়ুন: https://reports.ofsted.gov.uk/
- স্কুলটির সামগ্রিক নৈপুণ্য পরীক্ষা করে দেখুন: https://www.compare-school-performance.service.gov.uk/
- অন্যান্য পিতামাতার কাছে জেনে নিন স্কুল সম্পর্কে তাদের ধারণা কী

### আপনি কোন কোন স্কুল পছন্দ করছেন তা জানার পর, আপনাকে যা করতে হবে:

- আপনার পছন্দের কয়েকটি স্কুলের নাম উল্লেখ করে অনলাইনে আবেদন ফর্ম পূরণ করুন
- প্রাইমারি স্কুলের জন্য আবেদনে আপনার এলাকাকে (শিক্ষার্থী সংগ্রহের এলাকা) অন্তর্ভুক্ত করুন
- স্কুলে আবেদনের প্রক্রিয়াটি জটিল হতে পারে, তাই আপনার স্থানীয় কাউন্সিলের স্কুল অ্যাডমিশন টিম [CB2] এর কাছে সহায়তা চান
- কাউন্সিলকে জিজ্ঞাসা করুন, আপনাকে সাহায্য করতে পারে এমন কোন ব্যক্তি, কমিউনিটি গোষ্ঠী বা দোভাষী আছে কিনা

## 2. আমার সন্তান কোন বয়সে স্কুল শুরু করবে?

ইংল্যান্ডের সকল শিশুকে তাদের পঞ্চম জন্মদিনের পরের শিক্ষাবর্ষে অবশ্যই পূর্ণকালীন শিক্ষা শুরু করতে হবে। তবে, বেশিরভাগ শিশুই চার বছর বয়স হওয়ার পরের সেপ্টেম্বরে রিসেপশন ক্লাসে যোগ দেয়।

আপনার সন্তানের কখন স্কুল শুরু করা উচিত সে সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার স্থানীয় কর্তৃপক্ষ বা স্কুলের সাথে যোগাযোগ করুন।

## 3. আমি স্কুলের শিক্ষাবর্ষ ও ছুটির তারিখগুলি কীভাবে খুঁজবো?

ইংল্যান্ডে স্কুলের শিক্ষাবর্ষ ও ছুটির তারিখ স্থানভেদে ভিন্ন হয়ে থাকে।

সেসব তারিখ জানতে স্কুলের সাথে কথা বলুন বা এই ওয়েবসাইট দেখুন: https://www.gov.uk/school-term-holiday-dates


কপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর

## 4. আমি স্কুল থেকে কী আশা করতে পারি?

স্কুল প্রসপেক্টাস বা নতুন অভিভাবকদের জন্য স্বাগত পুস্তিকাটি পড়ুন এবং তাদের ওয়েবসাইট দেখুন; প্রয়োজন হলে তথ্যাদি অনুবাদ করতে সহায়তার জন্য স্কুলকে বলুন।

### আপনার সন্তানের জন্য, এখানে থাকবে:

- আপনার সন্তানটি যাতে স্কুলে থিতু হতে পারে সেজন্য পরিচিতিমূলক কার্যক্রম
- সমবয়সী প্রায় 30 জন শিক্ষার্থীর সাথে এক শ্রেণিতে জায়গা করে নেওয়া
- একই শিক্ষক কর্তৃক পাঠদানের একটি নিয়মিত সময়সূচি
- কিছু পাঠ (যেমন, শারীরিক শিক্ষা [পিই] এবং সঙ্গীত) হয়তো বিশেষজ্ঞ শিক্ষক কর্তৃক শেখানো হবে
- একটি সম্পূর্ণ পাঠ্যক্রমে প্রাপ্তি—আরও তথ্যের জন্য নীচে দেখুন
- শ্রেণিকক্ষে শেখার সাথে বাড়ির কাজের সংযোগ
- সবাইকে অন্তর্ভুক্ত করে এমন দৃষ্টিকোণ যেখানে সকল শিশু ন্যায্য আচরণ পায়

### আমার সন্তান স্কুলে আর কী কী করবে?

আপনার সন্তান পাঠ্যক্রমের অতিরিক্ত কর্মকাণ্ডসমূহে, স্কুল আয়োজিত ভ্রমণে ও অন্যান্য অনুষ্ঠান অংশ নিতে পারবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:



- ধর্মীয় সমাবেশ ও সম্মিলিত উপাসনার সুবিধা
- পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড ও ক্লাব, যেমন, খেলাধুলা, সঙ্গীত ও নাটক
- আকর্ষনীয় স্থান/ থিয়েটার/ খেলাধুলার অনুষ্ঠানেস্কুল থেকে যাওয়া
- শিশুদের নৈপুণ্য দেখার জন্য ক্লাস অ্যাসেম্বলি ও প্রোডাকশন আয়োজন
- বিভিন্ন সামাজিক ও তহবিল সংগ্রহের অনুষ্ঠান যেমন ক্রীড়া দিবস, গ্রীষ্মকালীন ও ক্রিসমাস মেলা, ডিস্কো ও কুইজ

### স্কুলে কী হচ্ছে তা আমি কীভাবে জানব?

স্কুল আপনার সাথে নিয়মিতভাবে যোগাযোগ করবে যাতে আপনি জানতে পারেন আপনার সন্তানের ক্লাসে কী কী ঘটছে। স্কুলগুলি বিভিন্ন ধরণের যোগাযোগ মাধ্যম ব্যবহার করবে, যার মধ্যে রয়েছে:



- স্কুলের ওয়েবসাইট: গুরুত্বপূর্ণ তারিখ, তথ্য ও ঘোষণাবলী
- বিজ্ঞপ্তি: টেক্সট ম্যাসেজ, সোশ্যাল মিডিয়া (যেমন টুইটার) ও অ্যাপ
- অনলাইন সিস্টেম: স্কুলের খাবার ও প্যারেন্ট'স ইভিনিং-এ অ্যাপয়েন্টমেন্ট
- ইমেইল ও চিঠি: স্কুল, শ্রেণিকক্ষ ও ছুটির তথ্য
- প্যারেন্ট'স ইভিনিং ও রিপোর্ট: সামনাসামনি বৈঠক ও রিপোর্ট
- সভা ও ইনফরমেশন ইভিনিং: স্কুল জীবন ও বিষয়গুলি সম্পর্কে
- সরাসরি যোগাযোগ: ফোন বা ইমেইলের মাধ্যমে সরাসরি কথোপকথন।

খেলার মাঠে অন্যান্য পিতামাতার সাথে কথা বলে আরও তথ্য জেনে নিন।

## 5. স্কুল আমার কাছ থেকে কী আশা করবে?

### পিতা বা মাতা হিসাবে, আপনার কাছে আশা করা হবে:





- আপনার সন্তানকে প্রতিদিন ও সময়মতো স্কুলে পাঠাবেন, যদি না সে অসুস্থ থাকে, বা কোন অ্যাপয়েন্টমেন্ট থাকে বা কোন ধর্মীয় ছুটির দিন হয়। আপনার স্থানীয় কাউন্সিল থেকে বিনাখরচে স্কুলে যাতায়াতের বিষয়ে বিস্তারিত এখানে পাবেন: বিনাখরচে স্কুলে যাতায়াতের বিষয়ে বিস্তারিত এখানে পাবেন: **https://www.gov.uk/free-school-transport**
- আপনার সন্তান অনুপস্থিত থাকলে তার কারণ জানাতে স্কুলে যোগাযোগ করুন। পারলে স্কুলকে অগ্রিম জানিয়ে রাখবেন।
- শুধুমাত্র স্কুল ছুটিকালীন সময়ে আপনার সন্তানকে নিয়ে ছুটি কাটাতে যাবেন। স্কুল চলাকালীন সময়ে আপনার সন্তানকে ছুটি কাটাতে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলে আপনাকে জরিমানা দিতে হতে পারে। আরও জানতে স্কুলে কথা বলুন বা এই ওয়েবসাইট দেখুন: **https://www.gov.uk/school-attendance-absence**
- আপনার সন্তান বা পরিবারের কোনও গুরুত্বপূর্ণ ঘটনা বা পরিস্থিতি সম্পর্কে স্কুলকে জানাবেন। তারা আপনাকে সহায়তা করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে।
- চিকিৎসার ও যোগাযোগের তথ্যাদি সরবরাহ করবেন
- আপনার সন্তান স্কুল আয়োজিত ভ্রমণে যেতে পারবে, তার ছবি তোলা যাবে ইত্যাদি বিষয়ে সম্মতি জানিয়ে ফর্ম পূরণ করুন।



## 6. স্কলে বিশিষ্ট ব্যক্তিবর্গ কে কে?



ছবি ও নাম দেখতে স্কুল প্রসপেকটাস বা স্কুল ওয়েবসাইট দেখুন কখনও কখনও এগুলি স্কুলের প্রবেশদ্বারেও প্রদর্শিত হয়।

স্কুলকে জিজ্ঞাসা করুন কোন কোন স্টাফ আপনার সন্তানের সাথে কাজ করবেন। এদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারেন:



- উর্দ্ধতন নেতৃবৃন্দ—যেমন হেড টিচার, ডেপুটি হেড টিচার
- অফিস স্টাফ—যেমন স্কুলের রিসেপশনিস্ট
- টিচিং স্টাফ—যেমন ক্লাস টিচার ও টিচিং অ্যাসিস্টেন্ট
- পেস্টোরাল স্টাফ—যেমন হোম-স্কুল অফিসার বা লার্নিং মেন্টর
- বিশেষজ্ঞ স্টাফ – যেমন EAL শিক্ষক (অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি), SENDCo (শিক্ষা-সংক্রান্ত বিশেষ প্রয়োজনীয়তা এবং প্রতিবন্ধীদের সমন্বয়কারী), দায়িত্বপ্রাপ্ত সেফগার্ডিং লিড টিচার (DSL)



কপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর

## স্কুলে কী শেখানো হয় এবং কী মূল্যায়ন করা হয়?

আপনার সন্তান কোন ধাপ, পর্যায় ও বছর গ্রুপে থাকবে—এবং কোন কোন মূল্যায়ন/ যাচাই/ পরীক্ষা তাদের থাকবে তা জানতে দয়া করে নিচের টেবিলটি দেখুন:

| পর্যায় | ধাপ | বছর গ্রুপ | বয়স সীমা | মূল্যায়ন/ যাচাই /পরীক্ষা | পঠিত বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|
| প্রাইমারি | আর্লি ইয়ারস ফাউন্ডেশন স্টেজ (EYFS) | রিসেপশন ইয়ার | 4-5 | রিসেপশন ইয়ার শেষে: আর্লি ইয়ারস ফাউন্ডেশন স্টেজ (EYFS) সম্পন্ন | যোগাযোগ ও ভাষা, শারীরিক বিকাশ, ব্যক্তিগত, সামাজিক ও আবেগজনিত বিকাশ, অক্ষরজ্ঞান, গণিত, পৃথিবী সম্বন্ধে জানা, ভাবপূর্ণ কলা ও নকশা |
| | গুরুত্বপূর্ণ ধাপ 1 | ইয়ার 1<br><br>ইয়ার 2 | 5-6<br><br>6-7 | ইয়ার 1 শেষে: ফোনিকস স্ক্রিনিং চেক<br><br>ইয়ার 2 শেষে: গুরুত্বপূর্ণ ধাপ 1 SATs পরীক্ষা | ইংলিশ, গণিত, বিজ্ঞান, নকশা ও প্রযুক্তি (ডিটি), ইতিহাস, ভূগোল কলা ও নকশা, সঙ্গীত, শারীরিক শিক্ষা (PE, সাঁতার সহ), কম্পিউটিং, |
| | গুরুত্বপূর্ণ ধাপ 2 | ইয়ার 3<br>ইয়ার 4<br>ইয়ার 5<br>ইয়ার 6 | 7-8<br>8-9<br>9-10<br>10-11 | ইয়ার 3-5: চলমান অভ্যন্তরীন মূল্যায়ন<br><br>ইয়ার 6 শেষে: গুরুত্বপূর্ণ ধাপ 2 SATs পরীক্ষা | ইংলিশ, গণিত, বিজ্ঞান, নকশা ও প্রযুক্তি (ডিটি), ইতিহাস, ভূগোল কলা ও নকশা, সঙ্গীত, শারীরিক শিক্ষা (PE, সাঁতার সহ), কম্পিউটিং, প্রাচীন ও আধুনিক বিদেশি ভাষাসমূহ |

বিস্তারিত জানতে দেখুন: https://www.gov.uk/national-curriculum

## 8. আমার সন্তানের কী কী প্রয়োজন হবে?

**স্কুলকে জিজ্ঞাসা করুন কোন ইউনিফর্ম আছে কিনা এবং কোথা থেকে কিনতে হবে।**

- ইংল্যান্ডের অনেক স্কুলে শিশুরা স্কুল ইউনিফর্ম পরিধান করুক এমনটা প্রত্যাশা করা হয়, তবে কিছু স্কুল তা করে না
- আপনার সন্তানের স্কুল কী কী কিনতে হবে তার একটি তালিকা দেবে এবং কোথায় আপনি এগুলো কিনতে পারবেন তা জানাবে; পিই কিট ও সুইমিং কিট সম্পর্কেও জেনে নিন
- আপনার যদি আর্থিক সমস্যা থাকে তবে স্কুলের সাথে কথা বলুন, তারা সাহায্য করতে পারে



**শেখার সরঞ্জামাদি সম্পর্কে স্কুলকে জিজ্ঞাসা করুন। এসবের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:**

- পড়ার বই, বাড়ির কাজ, স্কুল থেকে দেওয়া চিঠিপত্রের জন্য একটি বই-ব্যাগ
- পিই কিট, প্যাক করা দুপুরের খাবার ও অন্যান্য সরঞ্জামের জন্য একটি ব্যাগ
- কলম, পেন্সিল ইত্যাদি স্টেশনারি দ্রব্যের জন্য একটি পেন্সিল কেস
- একটি ক্যালকুলেটর ও অন্যান্য গণিত সরঞ্জাম



**আপনার সন্তানের দুপুরের খাবারে কী কী থাকবে সে সম্পর্কে স্কুলকে জিজ্ঞাসা করুন। এসবের মধ্যে থাকে:**

- স্কুল থেকে দেওয়া খাবার - কখনও কখনও স্কুল লাঞ্চ বা ডিনার বলা হয়
- প্যাক করা দুপুরের খাবার - বাড়ি থেকে আনা
- হোম ডিনার - লাঞ্চের জন্য বাড়িতে নিয়ে যাওয়া হয়



**স্কুলের দেওয়া খাবারের মেনু, খাবার খরচ ও কীভাবে দাম পরিশোধ করবেন সে সম্পর্কে জিজ্ঞাসা করুন, কারণ:**

- স্কুল বিশেষ ধরণের খাবারের চাহিদার ক্ষেত্রে সহায়তা করতে পারে, যেমন হালাল খাবার
- রিসেপশন, ইয়ার 1 ও ইয়ার 2-এর শিশুরা বিনামূল্যে স্কুলের খাবার পায়
- পরিবার যদি নির্দিষ্ট কয়েক ধরণের বেনিফিট পেয়ে থাকে তবে অন্যান্য শিশুরাও বিনামূল্যে স্কুলের খাবার (FSM) পেতে পারে। You can find out more here: **https://www.gov.uk/apply-free-school-meals**

## 9. যেসব শিক্ষার্থীর বাড়তি সহায়তা প্রয়োজন তাদের জন্য কী ব্যবস্থা রয়েছে?

- যাজকীয় সহায়তা: স্কুল বা বাড়ি সম্পর্কে যে কোনও উদ্বেগের জন্য সহায়তা করা
- মনোনীত সেফগার্ডিং (সুরক্ষা) প্রধান: গুরুতর উদ্বেগের ক্ষেত্রে সহায়তার জন্য
- ইংরেজি ভাষা (*EAL*) সহায়তা শ্রেণিকক্ষে ইংরেজি শিখতে সহায়তা করার জন্য
- শেখার সহায়তা: যদি আপনার সন্তানের শিক্ষা-সংক্রান্ত বিশেষ চাহিদা বা প্রতিবন্ধিতা থাকে
- বাইরের সংস্থা : শিশুদের সহায়তা প্রদানের জন্য স্কুলকে সাহায্য করবে বিশেষজ্ঞরা



## 10. আমি কীভাবে আমার সন্তানকে শিখতে সাহায্য করতে পারি?

কীভাবে আপনার সন্তানকে শিখতে সহায়তা করবেন **এখানে দেখুন**.



কপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর